

**মাদ্রাসা শিক্ষার আভ্যন্তরীণ সংস্কার প্রয়োজন**

ইসলাম শান্তির ধর্ম। সমাজে শান্তি-শৃংখলা আনয়নে ইসলামি শিক্ষা তথা মাদ্রাসা শিক্ষার গুরুত্ব অপরিসীম। এ সত্ত্বে অনুধাবন করে বর্তমানে মাদ্রাসা শিক্ষার প্রতি গুরুত্ব প্রদান করা হয়েছে। কিন্তু এমন কিছু সমস্যা আছে, যার কারণে মেধাবী ও যোগ্য শিক্ষকগণ মাদ্রাসায় পাঠদানে যেমন আগ্রহী নন তেমনি মেধাবী ছাত্র-ছাত্রীরাও মাদ্রাসায় পাঠ গ্রহণে আগ্রহ হারিয়ে ফেলে। তার প্রধান কারণ অদক্ষ ইবতেদায়ী শিক্ষক দ্বারা দাখিল শাখার পাঠদান কার্যক্রম পরিচালনা করা। বিশেষ করে গণিত, ইংরেজী ও বিজ্ঞানের মত গুরুত্বপূর্ণ বিষয়ে অযোগ্য ইবতেদায়ী শিক্ষক দ্বারা পাঠদান। উল্লেখ্য, এমন অনেক শিক্ষক আছেন যারা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে চাকরি না করে মাধ্যমিক শাখায় পাঠদানের জন্য বেসরকারী মাধ্যমিক স্কুল অথবা মাদ্রাসায় চাকরি নেন। কিন্তু দুঃখের বিষয়, মাদ্রাসায় যারা চাকরি নেন তারা দাখিল শাখায় নিয়োগপ্রাপ্ত হয়েও প্রতিষ্ঠান কর্তৃপক্ষের খামখেয়ালীপনা ও একত্রেয়িমির শিকার হয়ে ইবতেদায়ী শাখায় ক্লাস নিতে বাধ্য হন। এতে একদিকে যেমন দাখিল শাখার শিক্ষার্থীদেরকে তাদের উপযুক্ত শিক্ষকের পাঠ গ্রহণ থেকে বঞ্চিত করা হয়, তেমনি উক্ত শিক্ষককেও মানসিকভাবে বিপর্যস্ত করা হয়। তাই একজন শিক্ষক যখন পাঠদানের ক্ষেত্রে মানসিকভাবে আঘাতপ্রাপ্ত হন তখন তার স্বাভাবিক পাঠদান কার্যক্রম ব্যাহত

**সম্পাদক সমীপে**

হয়। যা আমাদের মত একটি উন্নয়নশীল দেশের শিক্ষা ব্যবস্থার জন্য খুবই দুঃখজনক। অতএব, উপরোক্তেবিত সমস্যাটির সমাধানের নিমিত্তে তদন্ত-পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মহলের সুদৃষ্টি কামনা করছি।

-মোঃ নিজামউদ্দিন চৌধুরী,  
খাদিমপাড়া, সদর, সিলেট।